

🗏 আয-যারিয়াত | Adh-Dhariyat | ٱلذَّارِيَات

আয়াতঃ ৫১: ৪৩

💵 আরবি মূল আয়াত:

وَ فِي ثَمُودَ إِذ قِيلَ لَهُم تَمَتَّعُوا حَتَّى حِينٍ ﴿٢٣﴾

🗚 অনুবাদসমূহ:

আর সামূদ জাতির ঘটনায়ও (নিদর্শন রয়েছে)। যখন তাদেরকে বলা হয়েছিল, 'একটি নির্দিষ্ট কাল পর্যন্ত ভোগ করে নাও'। — আল-বায়ান

আর সামূদের ঘটনাতেও (নিদর্শন আছে) যখন তাদেরকে বলা হয়েছিল, 'একটা নির্দিষ্ট সময় পর্যন্ত ভোগ করে লও।' — তাইসিরুল

আরও নিদর্শন রয়েছে সামূদের বৃত্তান্তে, যখন তাদেরকে বলা হলঃ ভোগ করে নাও স্বল্পকাল, — মুজিবুর রহমান

And in Thamud, when it was said to them, "Enjoy yourselves for a time." —

Sahih International

৪৩. আরও নিদর্শন রয়েছে সামূদের বৃত্তান্তেও, যখন তাদেরকে বলা হয়েছিল, ভোগ করে নাও একটি নির্দিষ্ট কাল।

তাফসীরে জাকারিয়া

(৪৩) আরো (নিদর্শন রয়েছে) সামূদের বৃত্তান্তে, যখন তাদেরকে বলা হল, তোমরা ভোগ করে নাও স্বল্পকাল। [1]

[1] অর্থাৎ, যখন তারা তাদের দাবী করা অলৌকিক উদ্ভীকে হত্যা করে দিল, তখন তাদেরকে বলা হল যে, 'আরো তিন দিন তোমরা পৃথিবীর সুখ ভোগ করে নাও। তিন দিন পর তোমাদেরকে ধ্বংস করে দেওয়া হবে।' এই ঘটনার প্রতিই আয়াতে ইঙ্গিত করা হয়েছে। কেউ কেউ এটাকে সালেহ (আঃ)-এর নবী হওয়ার প্রথম দিকের কথা গণ্য করেছেন। শব্দগুলো এই অর্থও বহন করে। বরং আলোচনার প্রসঙ্গ থেকে এই অর্থই বেশী নিকটতর।

তাফসীরে আহসানুল বায়ান





👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন